



২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক(সম্মান) প্রথম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ০৫.০৫.২০২৬ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৩.০৫.২০২৬ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চট্টগ্রাম কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) কোর্সে প্রাথমিক আবেদনকারী শিক্ষার্থীদের মধ্যে যারা ১ম মেধা তালিকায় স্থান পেয়েছে (ফলাফলের ভিত্তিতে), তাদের ভর্তি কার্যক্রম অনলাইনে নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১ম ধাপ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd.admissions) → Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক Application ID ও PIN এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে।

২য় ধাপ : চট্টগ্রাম কলেজের ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট :

চট্টগ্রাম কলেজের ওয়েবসাইট (<http://ctgcollege.eshiksabd.com>) লিংকে গিয়ে ইউজার আইডি: ctgstudent, পাসওয়ার্ড: ctgstudent লগইন করে admission ক্লিক করে (আইসিটি অপশনে No দিতে হবে) তা ডাউনলোড করে প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।

৩য় ধাপ : ভর্তি ফি প্রদান :

ভর্তি ফরমে নীচে উল্লেখিত পরিমাণ ভর্তি ফি (টাকা) উপায়/বিকাশ/রকেট/সোনালী ই-ওয়ালেট / ইসলামী ব্যাংক সেলফিন অ্যাপস এর মাধ্যমে ১০.০৫.২০২৬ খ্রি. হতে ১৭.০৫.২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা দিয়ে ডিজিটাল রশিদের ০৩টি কপি সংগ্রহ করতে হবে।

বিভাগ ভিত্তিক ভর্তি ফি (টাকা) এর পরিমাণ :

বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান	উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান	পদার্থবিজ্ঞান	রসায়নবিজ্ঞান	মনোবিজ্ঞান	গণিত	ভূগোল ও পরিবেশ		পরিসংখ্যান
						বিজ্ঞান	মানবিক	
৬১৩১.০০	৬৮৫৬.০০	৬৯৬৬.০০	৬৯৫৬.০০	৬৯৭৬.০০	৬৯৬৬.০০	৬৯১৬.০০	৬৯৭৬.০০	৬৯০৬.০০
দ্রষ্টব্য: অমুসলিম শিক্ষার্থীরা ৫০.০০ টাকা কম দিবে।								



ফি পরিশোধের নিয়মাবলী (ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য):

বিকাশ/উপায়/রকেট/সোনালী ই-ওয়ালেট / ইসলামী ব্যাংক সেলফিন অ্যাপসে এডুকেশন ফি (Education fee)-তে গিয়ে PAY BILL সিলেক্ট করতে হবে। Chittagong College সিলেক্ট করে ভর্তি ফরমে Application ID এর ০৭ ডিজিটের নম্বরটি দিতে হবে। ফি-এর পরিমাণ চেক করে পেমেন্ট করার পর ডিজিটাল রশিদ ডাউনলোড করে ০৩ (তিন) কপি প্রিন্ট করতে হবে।

৪র্থ ধাপ : বিভাগে ভর্তি নিশ্চিত করণ :

মনোনয়ন প্রাপ্ত বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ নিয়ে আগামী ১০.০৫.২০২৬ খ্রি. থেকে ১৭.০৫.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) ১০×১৪ সাইজের বড় খামে জমা দেওয়ার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত আবেদন ফরম ও চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরমের হার্ড কপি
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাশের নম্বরপত্রের মূল কপি
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাশের রেজিস্ট্রেশন কার্ড, নম্বর ফর্দ ও প্রশাংসাপত্রের ফটোকপি ০২ সেট
- ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত ডিজিটাল রশিদের ৩ (তিন) কপি

৬। ক্লাস শুরুর তারিখ: ০২ জুন ২০২৬ খ্রি. (চলমান ক্লাস রুটিন অনুযায়ী)

সংশ্লিষ্ট বিভাগের করণীয়:

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মেধাতালিকা অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তি করানোর অনুরোধ করা হল। ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতিদিনের ভর্তি সংক্রান্ত তথ্য ঐ দিনই ফি যাচাইপূর্বক অনলাইনে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে এবং চূড়ান্ত ভর্তি নিশ্চায়নের প্রিন্ট আউট কপি ও ফি জমাদানের তালিকা আগামী ১৯.০৫.২০২৬ খ্রি. তারিখ দুপুর ০১:০০ টার মধ্যে অনার্স প্রথম বর্ষ (সম্মান:২০২৫-২০২৬) ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি-২০২৬ এর নিকট জমা দিতে হবে।

উল্লেখ্য, 'নিশ্চায়ন' সংক্রান্ত জটিলতার জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে।

প্রতি স্বাক্ষর

05.05.26
(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)

আইডি নম্বর : ০০৮৫২৮

অধ্যক্ষ

চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম।



05/05/26
(প্রফেসর মোঃ কবির হোসেন)
বিভাগীয় প্রধান, অর্থনীতি বিভাগ

ও

আহ্বায়ক

অনার্স প্রথম বর্ষ(২০২৫-২০২৬) ভর্তি
পরীক্ষা কমিটি-২০২৬ পরিচালন কমিটি
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।